

## টাবি জবি রাবি ও শাবিতে ক্লাস শুরু ॥ আটক ছাত্র শিক্ষকদের মুক্তি দাবি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ শিক্ষার্থীদের পদচারণায় আবারও প্রাণ ফিরে পেল ঢাকা বিশ্ববিদ্যালয়। দীর্ঘ ৬৬ দিন পর রবিবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস নির্ভীকতা কাটিয়ে সরব হয়ে উঠলো। আশঙ্কাকে দূর করে সকল বিভাগ ও ইনস্টিটিউটে ক্লাসও শুরু হলো। একই সঙ্গে জগন্নাথ বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়েও ক্লাস শুরু হয়েছে। শিক্ষার্থী-শিক্ষকগণ দীর্ঘ বিরতির পর ক্লাসে আসতে পেরে খুশির নিশ্বাস ফেলেছে। কিন্তু ছাত্র-শিক্ষকদের কারাগারে বন্দী থাকার এই খবর মাঝে মাঝে জন্য অস্থির কারণ হয়ে দেখা দিয়েছে। তারা সকলেই অবিলম্বে আটক ছাত্র-শিক্ষকদের মুক্তি দাবি করেছে। শিক্ষার্থীরা বলেছে, আমরা শিক্ষকদের পাশাপাশি আমাদের সহপাঠীদের ক্লাসে দেখতে

চাই। আমরা ক্যাম্পাসে আবার কোন বিশৃঙ্খলা হোক তা কোনভাবেই কামনা করি না। বিভিন্ন ছাত্র সংগঠনও বিকৃতি দিয়ে আটক ছাত্র-শিক্ষকদের মুক্তি দাবি করেছে। এদিকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এস এম এ ফাহেল সাংবাদিকদের বলেছেন, আমরা যত দ্রুত সম্ভব স্থগিত পরীক্ষাগুলো শেষ করব। যাতে সেশনজট কাটিয়ে ওঠা সম্ভব হয়। তিনি বলেন, শুধু প্রয়োজন হলেই আমরা আইন শৃঙ্খলারক্ষাকারী বাহিনীর সহযোগিতা চাব। তিনি ক্যাম্পাসে শিক্ষার সূষ্ঠ পরিবেশ ও ক্যাম্পাসে স্থিতিশীল রাখার জন্য সকলের প্রতি আহ্বান জানিয়েছেন। আগামী ৫ নবেম্বর থেকে স্থগিত পরীক্ষাসমূহ নেয়া শুরু হবে। সকাল থেকেই শিক্ষার্থীরা ক্যাম্পাসে আসতে শুরু করেছে। (২-পৃষ্ঠা ৬-এর সং. দেখুন)

### টাবি জবি রাবি (প্রথম পাতার পর)

করে। শিক্ষার্থীদের আগমনে লাইব্রেরী চত্বর, কলা ভবন, কার্জন হল, মদ চত্বরসহ বিভিন্ন এলাকা মুখরিত হয়ে ওঠে। তারা ক্লাস করে ও বন্ধুদের সঙ্গে দিনভর আড্ডা দিয়ে কাটায়। এদিকে এখনও শিক্ষার্থীদের মাঝে ক্ষেত্রতার আতঙ্ক রিবার্স করাচ্ছে। তাই অনেক শিক্ষার্থী এখনও হলে ওঠা থেকে বিরত রয়েছে। ছাত্রদল ও ছাত্রলীগের সমন্বয়গামী বলে পরিচিত নেতাকর্মীরা বেলা বাড়ার সঙ্গে সঙ্গে মধুর ক্যাফিনে এসে জমায়েত হয়। পরে তারা মনবদ্ধ হয়ে ক্যাম্পাসে ঘুরে বেড়ায়। ছাত্র ইউনিয়নসহ বাম ছাত্র সংগঠনের নেতাকর্মীরা দিনভর মধুর ক্যাফিনে আড্ডা দিয়ে কাটায়।

ছাত্র ইউনিয়ন নেতাকর্মীরা দুপুরে উপাচার্যের সঙ্গে সাক্ষাৎ করে তাদের বিশ্ববিদ্যালয় সভাপতি মানবেন্দ্র দেবের মুক্তি দাবি করেছে। বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের দ্বিতীয় বর্নের ছাত্র দীন মোহাম্মদ ওরফে এল্লেশের বাবাও উপাচার্যের সঙ্গে দেখা করে তাঁর ছেলের মুক্তির জন্য সহযোগিতা কামনা করেন।

রাজশাহী বিশ্ববিদ্যালয় রিপোর্টার জানিয়েছে, ক্যাম্পাস খোলার প্রথম দিনে সকাল থেকেই শিক্ষার্থীরা দলে দলে ক্যাম্পাসে আসতে শুরু করে। তাদের পদচারণায় ক্যাম্পাস মুখরিত হয়ে ওঠে। বিভিন্ন বিভাগে ক্লাস অনুষ্ঠিত হলেও সকলের আশোচনায় শিক্ষকদের মুক্তির বিষয়টিই প্রাধান্য পায়। স্থগিত পরীক্ষার তারিখ পুনর্নির্ধারণ করতে এদিন একাডেমিক কমিটির সভা অনুষ্ঠিত হয়। স্থগিত পরীক্ষাসমূহ নবেম্বরের প্রথম সপ্তাহ থেকে নেয়ার সিদ্ধান্ত হয়। এমনকি সেশনজট কাটিয়ে উঠতে বিভিন্ন বিভাগে অতিরিক্ত ক্লাস নেয়া হবে বলে জানা গেছে। অন্যদিকে আবাসিক হল বৃহস্পতিবার হলে দেয়া হলেও প্রবেশের ক্ষেত্রে কঠোর বিধিনিষেধ আরোপ করা হয়েছে। রাত ১০টায় হলের গেট বন্ধ করে দেয়া হচ্ছে। শিক্ষার্থীদের সর্বজনিক পরিচয়পত্র সঙ্গে রাখার নির্দেশ দেয়া হয়েছে। অন্যদিকে জগন্নাথ বিশ্ববিদ্যালয় এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়েও ক্লাস হয়েছে। শিক্ষার্থীদের উপস্থিতি বাতাবিক ছিল।

#### টাবি ও ইউনিটের ভর্তি পরীক্ষা ১১ জানুয়ারি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০০৭-০৮ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ সম্মান শ্রেণীর ও ইউনিটের ভর্তি পরীক্ষা ২৮ ডিসেম্বর ২০০৭-এর পরিবর্তে ১১ জানুয়ারি ২০০৮ অনুষ্ঠিত হবে। অন্যান্য ইউনিটের ভর্তি পরীক্ষার সময়সূচী অপরিবর্তিত থাকবে।

#### সমাজকল্যাণ বিভাগের পরীক্ষা

বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ বিভাগের স্থগিত ২০০৫ সালের এমএসএস কোর্স ফাইনাল পরীক্ষার নতুন সময়সূচী ঘোষণা করা হয়েছে। ঘোষিত সময় অনুযায়ী ৫১৬ নং (সর্বাত্মক) কোর্সের পরীক্ষা ৮ নবেম্বর বেলা ১টায় অনুষ্ঠিত হবে। এছাড়া তাত্ত্বিক ও ব্যবহারিক মৌখিক পরীক্ষা আগামী ৯, ১০ ও ১১ নবেম্বর অনুষ্ঠিত হবে।